

<h1>Supporting Your Child's Communication in Kindergarten</h1>	<h1>কিন্ডারগার্টেনে আপনার সন্তানের মেলামেশায় সহায়তা প্রদান</h1>
<h2>Speech and Language</h2>	<h2>কথাবার্তা ও ভাষা</h2>
<p>Speech-Language Pathologists (S-LPs) at DDSB collaborate with educators and families to nurture oral language, play, social interactions, reading, and writing within the play-based kindergarten classroom. We recognize and value that children enter kindergarten with their own strengths, experiences, and ways of communicating, and that each child will continue developing new skills at their own pace.</p>	<p>DDSB-এর স্পিচ-ল্যাঙ্গুয়েজ প্যাথলজিস্ট (S-LPs) এবং শিক্ষাদাতা ও পরিবারবর্গের সহযোগিতায় খেলাধুলা-ভিত্তিক কিন্ডারগার্টেন ক্লাসরুমে মৌখিক ভাষা, খেলা, সামাজিক মেলামেশা, পড়া ও লেখার বিকাশে সহায়তা করেন। শিশুরা কিন্ডারগার্টেনে যখন আসে তখন তাদের নিজ নিজ ক্ষমতা, অভিজ্ঞতা ও যোগাযোগের পদ্ধতি বিদ্যমান থাকে, যা আমরা সমাদর করি ও মূল্য দিই। এবং জানি প্রত্যেক শিশু তার নিজস্ব গতিতে নতুন দক্ষতা অর্জন করে।</p>
<p>As your child begins school, their communication and social skills will help them make friends, follow routines, and take part in classroom activities. Every child communicates in their own way—through spoken languages (like English or Hindi), sign language, facial expressions, gestures, pictures, or technology like speech-generating devices.</p>	<p>আপনার শিশু স্কুলে ভর্তি হওয়ার সময় থেকেই তার যোগাযোগ ও সামাজিক মেলামেশার দক্ষতার সাহায্যে সে নতুন বন্ধু তৈরি করবে, রুটিন অনুসরণ করবে এবং ক্লাসরুমের বিভিন্ন কাজকর্মে অংশ নিতে পারবে। প্রতিটি শিশু তার নিজস্ব পদ্ধতিতে যোগাযোগ করে—কথ্য ভাষার মাধ্যমে (যেমন ইংরেজি বা হিন্দি), সাইন ল্যাঙ্গুয়েজে, মুখের অঙ্গভঙ্গি, অভিব্যক্তির মাধ্যমে অথবা কথা-তৈরি করার ডিভাইসের মাধ্যমে।</p>
<h2>Hearing and Vision</h2>	<h2>শ্রবণ ও দৃষ্টিশক্তি</h2>
<p>Hearing and vision are key to learning, playing, and communicating.</p>	<p>কানে শোনা ও চোখে দেখার ক্ষমতা হলো শেখা, খেলা করা ও মেলামেশা করার চাবিকাঠি।</p>
<p>Consider having your child's hearing and vision checked, especially if you notice:</p>	<p>আপনার শিশুর শ্রবণ ও দৃষ্টিশক্তি পরীক্ষা করান, বিশেষত যদি দেখেন:</p>
<ul style="list-style-type: none"> Frequent ear infections 	<ul style="list-style-type: none"> কানে বারবার সংক্রমণ হচ্ছে
<ul style="list-style-type: none"> Speaking loudly or asking others to repeat 	<ul style="list-style-type: none"> শিশু জোরে কথা বলছে বা অন্যদের কথা পুনরাবৃত্তি করতে বলছে
<ul style="list-style-type: none"> Squinting or covering one eye 	<ul style="list-style-type: none"> চোখ পিটপিট করছে বা এক চোখ ঢাকা দিয়ে আছে
<ul style="list-style-type: none"> Rubbing or touching their eyes often 	<ul style="list-style-type: none"> মাঝেমাঝেই চোখে হাত দিচ্ছে বা ডলছে
<h2>Build Language and Literacy Skills Through Everyday Activities</h2>	<h2>দৈনন্দিন কারকর্মের মাধ্যমে ভাষা ও সাক্ষরতার বিভিন্ন দক্ষতা গড়ে তুলুন</h2>
<p>You don't need special tools to build language and literacy skills —just everyday moments! Try these simple ideas:</p>	<p>ভাষা ও সাক্ষরতার বিভিন্ন দক্ষতা গড়ে তোলার জন্য আপনার বিশেষ কোনো সরঞ্জামের প্রয়োজন নেই—শুধু দৈনন্দিন মুহূর্তগুলোই যথেষ্ট। এই সাধারণ আইডিয়াগুলো ব্যবহার করুন:</p>
<ul style="list-style-type: none"> Play together every day: Whether it's board games, sports, or pretending with toys, play helps children learn new words and social skills while having fun! 	<ul style="list-style-type: none"> প্রতিদিন একসাথে খেলুন: বোর্ড গেম, স্পোর্টস বা খেলনা নিয়ে খেলা, যেভাবেই খেলা হোক, এই খেলার মাধ্যমেই শিশুরা মজা করতে করতেই নতুন শব্দ শেখে ও সামাজিক দক্ষতা অর্জন করে!

<ul style="list-style-type: none"> • Talk about what you see and do: Language is everywhere! Discuss what you see and do during walks, drives, or daily routines such as trips to the grocery store. 	<ul style="list-style-type: none"> • আপনি কী দেখেন ও করেন, সেই বিষয়ে কথা বলুন: ভাষার উপস্থিতি সর্বত্র। আপনি হাঁটাহাঁটি সময়, গাড়ি চালাতে চালাতে বা দৈনন্দিন রুটিন যেমন মুদিখানার কেনাকাটা করার যাত্রার সময় কী কী দেখলেন ও করলেন, তা নিয়ে আলোচনা করুন।
<ul style="list-style-type: none"> • Encourage your child to tell stories or explain things: Provide opportunities for your child to share and use language by asking them to explain how they made/built something or telling you about their day (e.g., “what was something that made you laugh today?”). 	<ul style="list-style-type: none"> • আপনার শিশুকে গল্প বলতে ও বিভিন্ন বিষয় ব্যাখ্যা করতে উৎসাহ দিন: আপনার শিশুকে ভাষা ব্যবহার ও শেয়ার করে নেওয়ার সুযোগ দিন—তাকে জিজ্ঞাসা করুন কীভাবে সে কিছু বানিয়েছে/তৈরি করেছে অথবা তাকে সারা দিনের অভিজ্ঞতা বলতে বলুন (যেমন: “আজকে কী তোমাকে আনন্দ দিয়েছে?”)।
<ul style="list-style-type: none"> • Read and tell stories in your home language: Learning two or more languages does not cause speech or language delays. In fact, it benefits children’s well-being, language and literacy development, as well as their thinking and learning skills. 	<ul style="list-style-type: none"> • আপনার বাড়িতে কথা বলার ভাষায় গল্প পড়ুন বা শোনান: দুই বা ততোধিক ভাষা শিখলে, তা কথা বলা বা ভাষা শেখায় বিলম্বতা করে না। প্রকৃতপক্ষে, তা শিশুর কল্যাণ, ভাষা শিক্ষার বিকাশ ও তার পাশাপাশি তার চিন্তাভাবনা ও শেখার দক্ষতার সাহায্য করে।
Need Support?	সাহায্য চাই?
Here are some helpful resources for families:	এখানে পরিবারবর্গ কিছু সহায়ক রিসোর্স পেতে পারেন:
<ul style="list-style-type: none"> • <u>Eye See...Eye Learn Program</u> – Free eye exams and help finding an optometrist 	<ul style="list-style-type: none"> • <u>আই সি...আই লার্ন প্রোগ্রাম</u> – বিনামূল্যে চক্ষু পরীক্ষা এবং চোখের ডাক্তার খুঁজে নেওয়ার বিষয়ে সহায়তা
<ul style="list-style-type: none"> • <u>Grandview Kids</u> – Preschool speech-language services and tips for home 	<ul style="list-style-type: none"> • <u>গ্র্যান্ডভিউ কিডস</u> – বাড়িতে ব্যবহারের জন্য প্রি-স্কুল শিশুদের বাক-ভাষাগত পরিষেবা
<ul style="list-style-type: none"> • <u>College of Audiologists and Speech-Language Pathologists of Ontario (CASLPO)</u> – An on-line public register to find licensed speech-language pathologists or audiologists 	<ul style="list-style-type: none"> • <u>কলেজ অফ অডিওলজিস্ট অ্যান্ড স্পিচ-ল্যাঙ্গুয়েজ প্যাথলজিস্টস অফ অন্টারিও (CASLPO)</u> – লাইসেন্সপ্রাপ্ত স্পিচ-ল্যাংগুয়েজ প্যাথলজিস্ট বা অডিওলজিস্টদের একক সরকারি রেজিস্টার
<ul style="list-style-type: none"> • <u>DDSB Speech, Language & Hearing Services</u> – Learn more about speech, language, and hearing services at DDSB 	<ul style="list-style-type: none"> • <u>DDSB স্পিচ, ল্যাঙ্গুয়েজ অ্যান্ড হিয়ারিং সার্ভিসেস</u> – DDSB-এ বাক, ভাষা ও শ্রবণ পরিষেবার বিষয়ে আরও জানুন

The following document was translated by Language Marketplace.